FG-Dex Vet

Triclabendazole BP 900 mg &
Levamisole BP 600 mg

FG-Dex DS Vet

Triclabendazole BP 1800 mg &
Levamisole BP 1200 mg

An Ideal Broad Spectrum Anthelmintic for Livestock





KEY FEATURES

- Broad Spectrum Anthelmintic
- Safe in Pregnancy & Lactation
- No Embryotoxic & Teratogenic Effect
- Ensures Increased Body Weight & Milk Production

HF Formulations | Healthcare

এফজি-ডেক্স ভেট

ট্রাইক্লাবেনডাজল বিপি ৯০০ মি.গ্রা. ও
লেভামিসল বিপি ৬০০ মি.গ্রা.

এফজি-ডেক্স ডিএস ভেট

ট্রাইক্লাবেনডাজল বিপি ১৮০০ মি.গ্রা. ও
লেভামিসল বিপি ১২০০ মি.গ্রা.

কার্যকারীতা

এই বোলাস একটি ব্রড স্পেক্ট্রাম কৃমিনাশক- যা গরু, মহিষ, ভেড়া/ছাগল ইত্যাদি প্রাণীর গোলকৃমি ও কলিজা কৃমির বিরুদ্ধে কার্যকর। *Fasciola hepatica & Fasciola gigantica* দ্বারা সৃষ্ট তীব্র, অতি তীব্র ও দীর্ঘ মেয়াদি কলিজা কৃমির সংক্রমণের চিকিৎসায় ব্যবহার করা হয়। এছাড়াও পাকস্থালী, অন্ত্রনালী ও শ্বাসনালীর গোলকৃমির বিরুদ্ধে কার্যকর। যেমন- *Haemonchus spp., Ostertagia spp., Cooperia spp., Trichostrongylus spp., Bunostomum spp., Esophagostomum spp., Trichuris spp. Dictyocaulus spp.*



গোল কৃমি



কলিজা কৃমি

মাত্রা ও প্রয়োগবিধি

এফজি-ডেক্স ভেট ১ টি বোলাস প্রতি ৭৫ কেজি দৈহিক ওজনের জন্য এবং **এফজি-ডেক্স ডিএস ভেট** ১ টি বোলাস প্রতি ১৫০ কেজি দৈহিক ওজনের জন্য অথবা ১৯.৫ মি.গ্রা. প্রতি কেজি দৈহিক ওজনের জন্য অথবা নিচের ছক অনুযায়ী খাওয়াতে হবে:

দৈহিক ওজন (কেজি)	এফজি-ডেক্স ভেট (বোলাস সংখ্যা)	এফজি-ডেক্স ডিএস ভেট (বোলাস সংখ্যা)
২১-৪০	১/২ বোলাস	১/৪ বোলাস
৪১-৭৫	১ বোলাস	১/২ বোলাস
৭৬-১৫০	২ বোলাস	১ বোলাস
১৫১-২২৫	৩ বোলাস	১½ বোলাস
২২৬-৩০০	৪ বোলাস	২ বোলাস
৩০১-৩৭৫	৫ বোলাস	২½ বোলাস
৩৭৬-৪৫০	৬ বোলাস	৩ বোলাস

বোলাস পানিতে গুলিয়ে অথবা অন্য কোন খাদ্যের সাথে মিশিয়ে (যেমন- চিটা গুড় বা রাবের সাথে মিশিয়ে বা কলা পাতায় মুড়িয়ে) সরাসরি খাওয়াতে হবে।
অথবা রেজিস্টার্ড ভেটেরিনারিয়ান এর পরামর্শ অনুযায়ী ব্যবহার্য।

উপাদান

এফজি-ডেক্স ভেট: প্রতিটি বোলাসে আছে ট্রাইক্লাবেনডাজল বিপি ৯০০ মি.গ্রা. ও লেভামিসল ৬০০ মি.গ্রা. এর সমতুল্য লেভামিসল হাইড্রোক্লোরাইড বিপি।
এফজি-ডেক্স ডিএস ভেট: প্রতিটি বোলাসে আছে ট্রাইক্লাবেনডাজল বিপি ১৮০০ মি.গ্রা. ও লেভামিসল ১২০০ মি.গ্রা. এর সমতুল্য লেভামিসল হাইড্রোক্লোরাইড বিপি।

কার্যপ্রণালী

ট্রাইক্লাবেনডাজল প্রাপ্ত বয়স্ক ও অপ্রাপ্ত বয়স্ক কলিজা কৃমির (ফেসিওলিয়াসিস) বিরুদ্ধে কাজ করে। এটি কৃমির বিটা টিউবিউলিন এর সাথে সংযুক্ত হয়ে এবং টিউবিউলিন থেকে মাইক্রোটিউবিউলস প্রতিলিপি তৈরীর ক্ষমতা প্রতিরোধ করে। ফলে কৃমির কোষের সম্পূর্ণতা ও পরিবহন শক্তি ধ্বংস প্রাপ্ত হয় এবং অবশেষে কৃমি মারা যায়। লেভামিসল একটি ব্রডস্পেক্ট্রাম কৃমিনাশক যা অন্ত্রনালী ও শ্বাসনালীর গোলকৃমি দূর করে। এটি কৃমির নিউরোমাসকুলার প্যারালাইসিসের মাধ্যমে একে ধ্বংস করে। উপরন্ত লেভামিসল একটি ইমিউনোমড্যুলেটর হিসেবেও কাজ করে।

প্রতিনির্দেশনা

সক্রিয় উপাদানসমূহের প্রতি অতি সংবেদনশীল প্রাণীতে ব্যবহার করা যাবে না।

পার্শ্বপ্রতিক্রিয়া

গবাদি প্রাণীতে অত্যন্ত সহনীয়। অনুমোদিত মাত্রায় ব্যবহারে কোন পার্শ্বপ্রতিক্রিয়া নাই।

সাবধানতা ও সতর্কতা

এটি খাওয়ানোর সময় অথবা পরে পর্যাপ্ত পানি খাওয়ানো উচিত।

website: www.bdhfl.com

অন্যান্য ওষুধের সাথে ক্রিয়া

এই সংমিশ্রনের সাথে পাইরানটেল, মরানটেল ও ডাইইথাইলকার্বামাজিন ব্যবহার করা যাবে না।

মাত্রাধিক্য

অনুমোদিত মাত্রার চেয়ে ট্রাইক্লাবেনডাজল ১৬ গুণ এবং লেভামিসল ৩ গুণ নিরাপদ।

প্রত্যাহারকাল

দুধ ১০ দিন, মাংস ২৮ দিন।

গর্ভাবস্থায় ও দুগ্ধদানকালীন সময়ে ব্যবহার

অনুমোদিত মাত্রায় গর্ভাবস্থায় কোন ক্ষতিকর প্রভাবের তথ্য নেই। কোন ধরনের ভ্রুণ বিষক্রিয়া বা টেরাটোজেনিক প্রভাবের ও তথ্য নেই।

সতর্কতা

চিকিৎসা চলাকালীন সময়ে ও পরে পশুকে পর্যাপ্ত পানি খাওয়াতে হবে।

সংরক্ষণ

৩০° সেলসিয়াস তাপমাত্রার নিচে আলো ও আর্দ্রতা থেকে দূরে, ঠান্ডা ও শুষ্ক স্থানে সংরক্ষণ করুন। সকল ঔষধ শিশুদের নাগালের বাহিরে রাখুন।

সরবরাহ

এফজি-ডেক্স ভেট: প্রতিটি বাক্সে ৫ x ৪ টি বোলাস অ্যালু-পিভিসি ব্লিস্টার প্যাকে সরবরাহ করা হয়।
এফজি-ডেক্স ডিএস ভেট: প্রতিটি বাক্সে ৫ x ৪ টি বোলাস অ্যালু-পিভিসি ব্লিস্টার প্যাকে সরবরাহ করা হয়।

Formulations
Manufactured by:
Healthcare Formulations Limited
Animal Health Division
Sreepur, Gazipur, Bangladesh

Healthcare

17042340/PE